


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং-১০.০০.০০০০.১৩১.১১.০০৭.৯৩২/১৯.

তারিখ : ২৩ শ্রাবণ ১৪৩০
০৭ আগস্ট ২০২৩

বিষয় : নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁ উপজেলার মোগরাপাড়া ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ লোকমান হোসেন এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিলপূর্বক প্যানেল আহ্বান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, এ বিভাগ হতে জনাব মোঃ লোকমান হোসেন-কে ০৬/০৪/২০১১ খ্রি. তারিখের বিচার-৭/২-এন-০৭/৯৩-২৪২ নং স্মারকমূলে নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁ উপজেলার মোগরাপাড়া ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার হিসেবে নিয়োগের আদেশটি রিট পিটিশন নং-৭০৩৫/২০১১ এ হাইকোর্ট বিভাগ অবৈধ ঘোষণা করায়, উক্ত রায়ের বিরুদ্ধে আপীল বিভাগে দায়েরকৃত Civil Petition for Leave to Appeal No. 2653/2017 ও Civil Review Petition No. 62/2019 তাঁর বিপক্ষে নিষ্পত্তি হওয়ায় ও আইন অনুযায়ী নিকাহ রেজিস্ট্রার নিয়োগের নির্দেশনা থাকায় রিট পিটিশন নং-৯১৫৫/২০২২ মোকদ্দমায় স্থিতাবস্থার আদেশ থাকলেও নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁ উপজেলার মোগরাপাড়া ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ লোকমান হোসেন এর নামীয় ০৬/০৪/২০১১ খ্রি. তারিখের বিচার-৭/২এন-০৭/৯৩-২৪২ নং স্মারকের নিকাহ রেজিস্ট্রার লাইসেন্সটি বাতিল করা হলো। একইসাথে, নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁ উপজেলার মোগরাপাড়া ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রারের অধিক্ষেত্রটি শূন্য ঘোষণা করা হলো।


(মুরাদ জাহান চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

প্রাপক,

জনাব মোঃ লোকমান হোসেন
পিতা-মৃত মোঃ ইয়াকুব আলী
সাং-নগর সাদিপুর, ডাকঘর-বড়নগর
সাবেক নিকাহ রেজিস্ট্রার
মোগরাপাড়া ইউনিয়ন
উপজেলা-সোনারগাঁ, জেলা-নারায়ণগঞ্জ।

কার্যার্থে বিতরণ :

- ০১। জেলা রেজিস্ট্রার, নারায়ণগঞ্জ (সংশ্লিষ্ট নিকাহ রেজিস্ট্রারের নিকট হতে বিবাহ রেজিস্ট্রিকরণ সম্পর্কিত যাবতীয় রেকর্ড পত্র ও বালাম বহি জন্ম করার জন্য এবং শূন্যঘোষিত এলাকায় নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত কার্য পরিচালনার জন্য উক্ত এলাকার সংলগ্ন কোন ওয়ার্ড/ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রারকে অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো)।
- ০২। সাব-রেজিস্ট্রার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ (বিধি মোতাবেক শূন্যঘোষিত এলাকায় নিকাহ রেজিস্ট্রার নিয়োগের জন্য প্যানেল প্রস্তুত করত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশ দেয়া হলো)।
- ০৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। অফিস কপি/ গার্ড ফাইল।

জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। মহাপরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।